

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২১৪

আগরতলা, ১৩ সেপ্টেম্বর, ২০২৪

**অসংক্রামক রোগ শুরুতেই সনাক্ত করার উদ্যোগেই
স্টার এনসিডি কর্মসূচি শুরু করা হয়েছে : অধ্যাপক নিখিল ট্যান্ডন**

রাজ্যে অসংক্রামক রোগ যেমন ক্যান্সার, মধুমেহ, উচ্চরক্তচাপ এবং হৃদরোগ ইত্যাদি প্রতিরোধ, সনাক্তকরণ এবং পরিষেবা উন্নতকরণের উদ্দেশ্যে গতকাল থেকে চালু করা হয়েছে স্ট্রেথিং অ্যান্ডুলেটরি কেয়ার ফর নন কমিউনিকেশন ডিজিসেস (স্টার এনসিডি) কর্মসূচি। গতকাল মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রাথমিক পর্যায়ে গোমতী জেলার জন্য এই কর্মসূচির সূচনা করেন। আগামী ৩ বছরের জন্য এই কর্মসূচি চালু থাকবে। আজ আগরতলা প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এই বিষয়ে বিস্তারিত তুলে ধরেন নতুন দিল্লীস্থিত এইমসের অধ্যাপক নিখিল ট্যান্ডন।

সাংবাদিক সম্মেলনে অধ্যাপক নিখিল ট্যান্ডন বলেন, ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিকেল রিসার্চের উদ্যোগে ন্যাশনাল হেলথ রিসার্চ প্রায়োরিটি প্রোগ্রামে এই কর্মসূচি পরিচালিত হবে। রাজ্যে এই কর্মসূচি এইমস, নিউদিল্লী সেন্টার ফর ক্রনিক ডিজিজ কন্ট্রোল, আগরতলা গর্ভমেন্ট মেডিকেল কলেজ সহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং জাতীয় স্বাস্থ্য মিশন যৌথভাবে বাস্তবায়ন করবে। এই কর্মসূচিতে রাজ্যের স্বাস্থ্যকর্মীদের দক্ষতা বৃদ্ধি, রোগ নির্ণয় এবং চিকিৎসা পদ্ধতির উন্নয়নে সহায়তা করা হবে।

আজকের এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সিসিডিসি এর কার্যনির্বাহী অধিকর্তা প্রফেসর (ডা.) প্রভাকরন, আই সি এম আর-এর ডা. আসু গ্লোভার ও ডা. রূপা শিব শংকর, এন এইচ এম (রাজ্য) এর এমডি ড. সমিত রায় চৌধুরী। এই কর্মসূচিটি গোমতী জেলা ছাড়াও, হরিয়ানা রাজ্যের ফরিদাবাদ, মহারাষ্ট্রের নাগপুর এবং অন্ধ্রপ্রদেশের চিত্তুর জেলাতে বাস্তবায়ন করা হবে। সাংবাদিক সম্মেলনে অধ্যাপক নিখিল ট্যান্ডন আরও জানান, অসংক্রামক রোগের কারণে বর্তমানে ব্যাপক সংখ্যায় মানুষ মৃত্যুবরণ করছে। তাই এইসব অসংক্রামক রোগ শুরুতেই সনাক্ত করার উদ্যোগেই এই কর্মসূচির সূচনা করা হয়েছে। তিনি আরও বলেন, আজ সকালে তারা গোমতী জেলার কয়েকটি সরকারী স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন এবং বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত হন। তিনি রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার প্রতি সন্তোষ ব্যক্ত করে জনগণকে নিজেদের স্বাস্থ্য সম্পর্কে আরও সচেতন হওয়ার পরামর্শ দেন। এছাড়াও তারা সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুস্বাস্থ্য বজায় রাখা, খাদ্য পদ্ধতি, জীবনচর্চা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

উল্লেখ্য, স্টার এনসিডি কর্মসূচিটি রাজ্যে বাস্তবায়নের লক্ষ্যে ডা. সঞ্জয় রুদ্রপালের নেতৃত্বে ডা. শুভঙ্কর পাল, ডা. মৌটুসী দেব, তাপস সাহা, স্বরূপ রায়, জয়ন্ত দেবনাথ ও গৌতম ভট্টাচার্যকে নিয়ে একটি রাজ্যস্তরীয় কমিটিও গঠন করা হয়েছে বলে সাংবাদিক সম্মেলনে জানানো হয়।
